দর্শনায় ফেনসিডিলসহ মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ২ বোতল ফেনসিডিলসহ চিহ্নিত মাদক ব্যবসায়ী মাছুরাকে (৪১) গ্রেফতার করা হয়েছে।

সে দর্শনা থানার আকন্দবাড়িয়া তামালতলা পাড়ার মৃত্য আবুল কালামের স্ত্রী।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে, অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের তমালতলা পাড়ার মৃত্য কালামের স্ত্রী মাছুরার বাড়িতে। তখন বাড়ি তল্লাশী করে ২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন মামলার বাদী হয়ে উক্ত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরন

ক্রীড়ায় বিকশিত হোক তারুণ্য এ স্লোগানকে সামনে রেখে দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক পুরস্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ৮ টায় অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত পাঠের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সৃচনা করে। পরে সাংস্কৃতিকের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ভিতরে

ছাত্র ছাত্রীদের মধ্যে কবিতা আবৃতি, সঙ্গীত প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা কুইজ শেষে নৃত্য প্রতিযোগিতা অনুষ্টিত হয়।

কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিমের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালকের সহধর্মিণী ফাতেমা খাতুন ও অনুষ্ঠানের শুভ উদ্ধোধন করেন, ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক কারখানা সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক অর্থ আব্দুস ছাত্তার, মহাব্যবস্থাপক প্রশাসন ইউসুফ আলী, মহাব্যবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়া, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুর রহমান, সহ সম্পাদক মোস্তফিজুর রহমান, সদস্য সেলিম খান, অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সহাকারী শিক্ষক রাসেল আহম্মেদ শাওন।

দর্শনা সাহিত্য পরিষদের আহ্বায়ক কমিটি গঠন

দর্শনা সাহিত্য পরিষদের কমিটি বিলুপ্ত করে নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সংগঠনের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে দেওয়া হয়।

আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সাহিত্য পরিষদের কার্যালয়ে বিকাল ৩টা থেকে আলোচনা সভার আয়োজন করা হয়, সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে ৭ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

কমিটির সদস্যগণ হলেন- আহ্বায়ক কবি মুরশিদ আলম, সদস্য, আব্দুল

ওয়াদুদ শাহা কলেজের প্রভাষত মিজাানুর রহমান মণ্ডল, ডাক্তার খালেদা খানম, মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষকা আফসানা মেহজাবিন শাপলা, মোঃ জামাত আলী, বোরহান উদ্দিন টিটু। সভায় আগামী তিন মাসের মধ্যে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিটিগঠন করার পরে স্বরচিত কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়, উক্ত অনুষ্ঠানে স্বরচিত লেখা পাঠ করে কবি খালেদা খানম, সাজিবুল ইসলাম, ইমান আলী এরেং, মোঃ আব্দুর রশিদ, আফসানা মেহজাবিন শাপলা, এমদাদুল হক, মোঃ বোরহান উদ্দিন, মিজানুর রহমান মণ্ডল, মোঃ নজরুল ইসলাম, জামাত আলি, মোঃ আসাদ প্রসেনজিৎ মন্ডল প্রমুখ, স্বরচিত কবিতা পাঠের অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি ফয়সাল আহমেদ।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত ৫ শিক্ষককে বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত ৫ শিক্ষকে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে। আজ বুধবার (৭ ফ্রেব্রয়ারি) সকাল ১১ টার দিকে কেরু উচ্চ বিদ্যালয় চত্তরে এ বিদায় সংবর্ধনা অনুষ্টিত হয়।

এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আঃ রহিমের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্টিত হয়।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় তিনি বলেন, যারা বিদায় নিচ্ছেন কর্মক্ষেত্রে আপনাদের সাথে কাজের স্বার্থে ভুল হতে পারে। তাই নিজ গুনে ক্ষমা করে দেবেন, জীবনে স্বাভাবিকভাবেই আমাদেরকে বিদায় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে

হয়। আর তাই বিদায় অনুষ্ঠানের বক্তব্যে তিনি বলেন,আপনার এই দীর্ঘ শিক্ষক জীবনে আপনারা যে উজ্জ্বল দীপ্তি দিয়ে আমাদের সকলকে আলোকিত করেছেন, তা দু’এক কথায় বলে শেষ করা যাবে না। অবশ্যই ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আবারো বিদায়ী শ্রদ্ধেয় শিক্ষককে জানাই শ্রদ্ধা ও অফুরন্ত ভালোবাসা।

এ সময় আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, কেরু এ্যান্ড কোম্পানীর মহা ব্যাবস্থাপক এ ডি এম ইউসুফ আলী,কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ,এ ছাড়া স্কুলের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য সংবর্ধনা ও বিদায়ী শিক্ষকরা হলেন, সহকারী শিক্ষক নুরুল ইসলাম, মোছাঃ লতিফা খাতুন, আশরাফ হোসেন, মঈন উদ্দিন, ইকবাল রেজা। পরে কেরু উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে শিক্ষকদের মাঝে ক্রেষ্ট ও মানপত্র উপহার সামগ্রী দেওয়া হয়।এ সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা ও পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারক।

দর্শনায় সবুজ সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের সবুজ সংগঠন কার্যলয়ে দোয়া ও কমী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১১ টায় সময় সবুজ সংগঠনের নিজ কার্যলয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

এ সমাবেশে কেরু এ্যান্ড কোম্পানীর ফোরম্যান রবিউল হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দুই বারের কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন ও বর্তমান সভাপতি সবুজ সংগঠনের কর্নধর ফিরোজ আহম্মেদ সবুজ।

এ সময় তিনি বলেন, আগামী ২৫ সালের নির্বাচন হবে খুবুই গুরুত্বপূর্ণ। তাই আপনারা যারা আমার সাথে আছেন এবং আমাকে সভাপতি বানিয়েছেন আপনাদের কথা ভুলবার নয়। তাই শ্রমিকদের স্বার্থে যা যা করার দরকার আমি করব। আপনাদের উপরে অনেক হুমকি ধামকি আসতে পারে তা আমি শক্ত হাতে দমন করব। তাই আগামী বছর নির্বাচনে আপনারা কাধে কাধ মিলিয়ে সবুজ সংগঠনের হাতকে শক্তিশালী করবেন।

এ সমাবেশে আরও বক্তব্য রাখেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, ড্রাইভার আঃ রাজ্জাক, মিরাজুল ইসলাম, শ্রমিক কর্মচারী ইউনিয়নেন সদস্য কামরুল হাসান লোমান, মানিক হেসেন।

এ কর্মী সমাবেশে কোরআন তেলোওয়াত ও দোয়া পাঠ করেন, কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিন নেছার উদ্দিন। অনুষ্টানটি সার্বিক পরিচালনা ও উপস্থাপনা করেন সিডিএ বর্তমান কেবিনেটের সদস্য হারিজুল ইসলাম।

দর্শনায় বাংলা মদসহ ব্যবসায়ী জয় গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় বিশেষ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ ২০ লিটার বাংলা মদসহ দীর্ঘদিনের মাদক ব্যাবসায়ী জয়দেব কুমার বিশ্বাসকে (৪৮) গ্রেফতার করেছে।

সে দর্শনা পৌরসভার আজমপুর গ্রামের মৃত মুরালী মোহন বিশ্বাসের ছেলে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল বাজার মনোরঞ্জন মার্কেটের দক্ষিন পাশে।এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) খান আঃ রহমান সঙ্গীয় ফোর্সসহ ১৫ টি প্লাস্টিকের কন্টিনেটার ভর্তি ১২০ লিটার বাংলা মদসহ জয়দেব বিশ্বাসকে গ্রেফতার করে।

পুলিশ জানায় জয় দীর্ঘদিন ধরে এই বাংলা মদের ব্যবসা করে আসছে।তার বিরুদ্ধে নকল মদ তৈরি করে বিক্রি করে এমনও অভিযোগ রয়েছে।এই বাংলামদের আনুমানিক বাজার মৃল্য ১ লক্ষ ২০ হাজার টাকা।

এ দিকে জয়দেব বিশ্বাসের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় তৈয়ব সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী সংগঠনের কর্মী সমাবেশ অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার সন্ধা ৬ টায় তৈয়ব সংগঠনের নিজস্ব কার্যালয়ে এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়। উক্ত কর্মী সভায় আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে, প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন তিন বারের সাবেক সভাপতি তৈয়ব আলী।

এ সময় তিনি বলেন,আগামী ২৫ সালের নির্বাচন খুবুই গুরুত্বপূর্ণ। তাই শ্রমিক ভাইদের প্রতি আশা আগামী নির্বাচনে আপনারা ভুল পথে পা বাড়াবেন না। আমি শ্রমিকদের ন্যায্য অধিকার যা আছে সব ফিরিয়ে আনবো। তাই আপনাদের কাছে অনুরোধ আপনারা আমার ক্ষমতায় নিয়ে আসেন তারপর আপনার অধিকার ফিরিয়ে দেবো।আপনাদের বিবেক বৃদ্ধি দিয়ে আমাকে ক্ষমতায় নিয়ে আসেন। আপনাদের ভয়ের কোন কারন নেই আপনাদের সাথে আছি থাকবো।

এ সময় শ্রমিকদের মধ্যে আরও বক্তব্য রাখেন, নুরুল ইসলাম সুরুজ, ফারুক আহম্মেদ, সাইফুদ্দিন সুমন, জাহিদুল ইসলাম, আব্বাস আলী প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মনিরুল ইসলাম ঝন্টু।

দর্শনা কেরুজ চিনিকলের ৫২ কার্য দিবসে আখ মাড়াই মৌসুম সম্পন্ন

৮৬ বছর বয়সী বুড়ো কেরুজ চিনিকলটি এবারের আখ মাড়াই মৌসুমে চমক সৃষ্টি করলো। অবিশ্বাস্য হলেও সত্য বয়সের ভারে ন্যুয়ে পড়ে খুড়িয়ে খুড়িয়ে চলা মিলটি চলতি আখ মাড়াই মৌসুমে ছোট খাটো যান্ত্রিক ত্রুটির কবলে পড়লেও।

অন্যান্য মাড়াই মৌসুমের তুলনায় এবারের মৌসুমে আখ মাড়াইয়ের গড়হারও তুলনামূলক বেশী। চিনি আহরণের গড়হার বৃদ্ধি না পেলেও চিনির গুনগত মান এবার বেশ ভালো।

মিলের ব্যবস্থাপনা পরিষদের দক্ষতা, শ্রমিক-কর্মচারীদের আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফসল বলেই মন্তব্য সুধী মহলের। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর কেরুজ চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াই মৌসুমের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাড়ে ৬৫ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে ৬.২০ মেট্রিকটন চিনি উৎপাদন করবে কেরুজ চিনিকল।

কেরু চিনিকল সুত্রে জানা গেছে, এ মৌসুমে ৫২ কার্য দিবসে ৬ দশমিক ২০ শতাংশ চিনি আহরনের হার ধরে সাড়ে ৬৫ হাজার মেঃ টন আখ মাড়াই করে ৪ হাজার ৩০ মেঃ টন চিনি উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। যার বিপরীতে মিলজোন এলাকায় ৩ হাজার ৮ শ ২ একর জমিতে আখ করেছে।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আজ রাত ১২ টার দিকে মিলটি বন্ধ হচ্ছে। তবে আগামীতে মিলটি আরও বেশিদিন চলবে বলে তিনি জানান।

দর্শনায় মাসুদ সংগঠনের দোয়া ও আলোচনা সভা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ সংগঠন কার্যালয়ে দোয়া ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

আজ রবিবার (৪ ফেব্রুয়ারি) সকাল ১০ টায় মাসুদ সংগঠনের নিজস্ব কার্যালয়ে সি ডি এ সাহেব আলী শিকদারের সভাপতিত্বে এ আলোচনা সভা অনুষ্টিত হয়।

এ আলোচনা ও কর্মী সমাবেশে প্রধান অতিথী হিসাবে বক্তব্য রাখেন,কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সফল সাধারন সম্পাদক ও বাংলাদেশ চিনিকল ফেডারেশনের দুবারের সভাপতি মাসুদুর রহমান মাসুদ বলেন, আগামী ২৫ সালের নির্বাচনে আমার উত্তরসূরি সৌমিক হাসান রুপমকে দায়িক্তভার অর্পন করছি। আমার শ্রমিকদের অসমাপ্ত কাজগুলো সে করবে। তাই আগমী ২৫ সালের নির্বাচনে সবাই কাধেঁ কাধ মিলিয়ে রুপমকে নির্বাচিত করতে হবে। শ্রমিতদের স্বার্থে যে কোন কাজ সাথে থেকে শ্রমিকদের স্বার্থ হাসিল করবো। তাই আসুন আমরা দীর্ঘদিনের সংগঠন টিকিয়ে রাখতে মাসুদ সংগঠনকে শক্তিশালী করে রুপমকে আগামী নির্বাচনে জয়লাভ করাতে পারি সে আশা ব্যাক্ত করেন তিনি।

দোয়া ও আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, শ্রমিক ইউনিয়নের সহ সম্পাদক, মোস্তাফিজুর রহমান, সাংগঠিনক সম্পাদক ইকবাল হোসেন, এ এস এম কবির, সাবেক সহ সম্পাদক খবির উদ্দিন, কেরুর সাবেক সি ডি এ, মাওলা বক্স, সিডিএ এনায়েতুল্লাহ, আব্দুল মান্নান জামাত আলী, শহিদুল ইসলাম, সহ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন,কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সদস্য শরিফুল ইসলাম, সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস, আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব,হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, সাজেদুর রহমান তুফান,আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস,

ক্যাশিয়ার মতিউল, লিটন,আতিয়ার, সাজু সবুজ,সদস্য মহায়মানুল হাসান রকি, মতিয়ার বড় বাবু,সাকি মাহমুদ,সুইট সাইদ ড্রাইভার, জিন্টু ড্রাইভার, লিটন বয়লার ফিরোজ আহম্মেদ টিটু, জিল্লু, শাহিন ইমরান, কবির প্রমুখ।

সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস, আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব, হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, সাজেদুর রহমান তুফান, আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ওয়েপি খন্দকার কায়েস আব্দুল্লা। এ সমাবেশে প্রায় ৭শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। অনুষ্ঠান শেষে শ্রমিকদের মাঝে কাঙ্গালী ভোজ অনুষ্টিত হয়।

দর্শনায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ও ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা ওরফে রবিউল ইসলামকে (৩৮) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

সে দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার রহমান মোল্লার ছেলে।

আজ শুক্রবার (২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানা পুলিশ এ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান (পিপিএম-সেবা) জানান, দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে এ এস আই বশির আহম্মেদ গোপন সংবাদের সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন দক্ষিন চাঁদপুর হল্ট স্টেশন পাড়ার এলাকায় ছদ্মবেশ ধারণ করে অভিযান পরিচালনা করে। এসময় পুলিশ ঢাকা বিমান বন্দর থানার ৬৫(০৫)২০১৬ নাম্বার মামলায় বিজ্ঞ আদালতের ৩০ জানুয়ারি ২০২৪ সালের রায়ে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত এবং ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা রবিউল ইসলামকে গ্রেফতার করতে সক্ষম হয়।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা গ্রেফতারকৃত ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শুক্রবার দুপুরে তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।